গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১২৯.২২.১১৬৯

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৯
১৮ জুলাই ২০২২

বিষয়: **রিট পিটিশন নং-৪৫৬১/২০২২ এর রুল ও আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট পিটিশন নং-৪৫৬১/২০২২ এর ২৪/০৪/২০২২ খ্রি. তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলার চলবলা ইউনিয়ন পরিষদের ৯নং ওয়ার্ডের সদস্য নির্বাচিত হয়েও জনাব মো. মোজাম্মেল হক শপথ গ্রহণ করতে অপারগ হওয়ায় ০২ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দে ২৭১নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট কর্তৃক উক্ত সদস্য পদটি শূন্য ঘোষণা করা হয়। ফলে পিটিশনার সংক্ষুব্ধ হয়ে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ মোট দশ জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং-৪৫৬১/২০২২ রুজু করেন। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি রুলনিশি জারি করেন।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪৫৬১/২০২২ এর রুল ও আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী (S.F)-এর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্রের দুই সেট সত্যায়নপূর্বক অনধিক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এ বিভাগের আইন-১ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: রুলের কপি


১৮-৭-২০২২
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব
ফোন: ৯৫৪০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.১২৯.২২.১১৬৯/১(৫)

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৯
১৮ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
২) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ
৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১৮-৭-২০২২
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব